
# সর্বসাধারণের জন্য খুলে দেওয়া হলো খালেদা জিয়ার সমাধিস্থল



সংগৃহীত ছবি

সদ্য প্রয়াত সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া ও শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধিস্থল সর্বসাধারণের জন্য খুলে দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (১ জানুয়ারি) দুপুর থেকে জিয়া উদ্যানের সমাধিতে প্রবেশ করছেন নেতাকর্মী ও সাধারণ মানুষ।

নতুন বছরের প্রথম দিন থেকেই সমাধি প্রাঙ্গণে মানুষের ভিড় বাড়ে। কোরআন তেলাওয়াত, দোয়া-মোনাজাত ও শ্রদ্ধা নিবেদনের মধ্য দিয়ে প্রিয় নেত্রীর স্মৃতির প্রতি সম্মান জানাচ্ছেন সবাই। বিভিন্ন সংগঠনের পক্ষ থেকেও পুষ্পস্তবক অর্পণ করা হয়।

উল্লেখ্য, বুধবার (৩০ ডিসেম্বর) বিকেলে জিয়াউদ্যানে রাষ্ট্রীয় মর্যাদায় জিয়াউর রহমানের পাশে খালেদা জিয়াকে দাফন করা হয়। এর আগে জাতীয় সংসদ ভবন ও মানিক মিয়া অ্যাভিনিউতে তার জানাজা অনুষ্ঠিত হয়।

LENS ASIA